



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ মেরিন একাডেমী, চট্টগ্রাম
www.macademy.gov.bd



নং- ২২/২০২৫

০৫ জানুয়ারি ২০২৫

৬০ ব্যাচ ক্যাডেট হিসেবে নির্বাচিত প্রার্থীদের চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা ও ভর্তির নির্দেশাবলী

১। নৌপরিবহন মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত ফলাফল অনুযায়ী বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামের জন্য ৬০ ব্যাচ ক্যাডেট হিসেবে নির্বাচিত ১৬০ জন পুরুষ ও ২০ জন মহিলা প্রার্থীর চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা আগামী ০৮-০৯ জানুয়ারি ২০২৫ খ্রি: একাডেমি ক্যাম্পাসে সকাল ৯.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

২। নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশাবলী মোতাবেক স্বাস্থ্য পরীক্ষাসমূহ:
CBC, RBS, CXR, HbsAg, VDRL, HIV, ECG, URINE for DA Health Screening Profile.

৩। উপর্যুক্ত ডাক্তারী পরীক্ষাসমূহ একাডেমিতে সম্পন্ন হবে। এর জন্য ৭০০০/- টাকা প্রয়োজন হবে যা প্রার্থীকে পরীক্ষার শুরুতে পরিশোধ করতে হবে।

৪। ০৮ জানুয়ারি ২০২৫ তারিখে স্বাস্থ্য পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীগণকে ০৯ জানুয়ারি ২০২৫ এবং ০৯ জানুয়ারি ২০২৫ তারিখে স্বাস্থ্য পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীগণকে ১২ জানুয়ারি ২০২৫ তারিখ একাডেমিতে অফিস সময়ের (সকাল ৯.০০-বিকেল ৪.০০ টা) মধ্যে ভর্তি হতে হবে।

৫। একাডেমিতে ০২ বছর মেয়াদী প্রাক-সমুদ্র প্রশিক্ষণ ফি প্রার্থীর জন্য প্রযোজ্য ৯৯,৯২০/- টাকা।

৬। ভর্তির সময় অফেরতযোগ্য ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা পরিশোধ করতে হবে। প্রোজ্ঞ টাকা “কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি চট্টগ্রাম-সোনালী ব্যাংক পিএলসি, মেরিন একাডেমি শাখা”-র অনুকূলে সোনালী ব্যাংক-এর যে কোন শাখা থেকে ডিডি/পে অর্ডার অথবা অনলাইন হিসাব নং ০৮৩৪২০০০০০০০৯; হিসাবের নাম: ক্যাডেট জেনারেল একাউন্ট-এ জমা দিতে হবে।

৭। ভর্তির সময় নিম্নলিখিত তালিকা মোতাবেক প্রমানাদি জমা দিতে হবে।

(ক) মাধ্যমিক পরীক্ষার পাশের মূল সনদ ও মূল নম্বরফর্দ	-	০২ সেট কপি সহ
(খ) উচ্চ মাধ্যমিক পরীক্ষার পাশের মূল সনদ ও মূল নম্বরফর্দ	-	০২ সেট কপি সহ [মূলসনদ না পেলে প্রসংশাপত্র]
(গ) পাসপোর্ট সাইজের ছবি	-	০৪ কপি

৮। একাডেমি প্রশিক্ষণ শুরুর তারিখ পরবর্তীতে জানানো হবে। ভর্তিকালীন প্রদত্ত ফরমসমূহ পূরণ করে নিম্নলিখিত প্রমানাদিসহ একাডেমি প্রশিক্ষণে অংশগ্রহণের দিন জমা দিতে হবে। যাবতীয় ডকুমেন্ট/ প্রমানাদি, তথ্যাদি ও যোগদানের নির্দেশনা ভর্তিকালীন জানানো হবে।

(১) মূল আবেদন ফরম (ব্লু ফরম)- Main Application Form	-	ভর্তির সময় প্রদান করা হবে।
(২) ইনডেমনিটি বন্ড- ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প (নমুনা মোতাবেক)	-	ভর্তির সময় প্রদান করা হবে।
(৩) অনলাইন জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি	-	০২ কপি
(৪) নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি	-	০২ কপি (সিটি কর্পো ওয়ার্ড/ইউপি)
(৫) অবিবাহিত প্রমাণক সনদের মূলকপি	-	০১ সত্যায়িত কপিসহ
(৬) পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয়ের সনদপত্র	-	০১ আয়কর রিটার্ন কপি
(৭) পাসপোর্ট সাইজের ছবি	-	০৬ কপি

৯। এছাড়াও ভর্তি বা ডাক্তারী পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রকার তথ্য ০৮-০৯ জানুয়ারি ২০২৫ তারিখ স্বশরীরে অবস্থানকালীন সময়ে জানা যাবে।

১০। নির্ধারিত তারিখের পর কোন প্রকার ভর্তির অনুরোধ/ আবেদন গ্রহণযোগ্য নহে।

১১। জরুরীপ্রয়োজনে যোগাযোগ: ০২৩৩৩৩১৪১৫১-৫৫; ওয়েব সাইট: www.macademy.gov.bd



০৫/০১/২০২৫
কমান্ড্যান্ট

বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।